গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
www.coop.gov.bd

# নভেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | মো: শরিফুল ইসলাম |
| | : | নিবন্ধক ও মহাপরিচালক |
| **তারিখ ও সময়** | : | ০৭-১১-২০২৪, দুপুর-০২.০০ মি. |
| **স্থান** | : | সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা' |
| **উপস্থিত সদস্যবৃন্দ** | : | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি ৫৩তম জাতীয় সমবায় দিবস উদযাপন সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। সভাপতি এ পর্যায়ে যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরবর্তীতে নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | **১১/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ;** | বিগত ১১/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সমবায় অধিদপ্তরের স্মারক নং-৮৪(৫০) স/মু, তারিখ- ১৯/০৮/২০২৪ খ্রি. মূলে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় উক্ত কার্যবিবরণীটি দৃঢ়করণ করা যেতে পারে। | ১. বিগত ১১/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হলো। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২. | **ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম এ লোন এন্ড ক্যাপিটাল ম্যানেজমেন্ট, অনলাইন রেজিস্ট্রেশন ম্যানেজমেন্ট, ই-কমার্স, এইচআর ম্যানেজমেন্ট, ট্রেনিং ম্যানেজমেন্ট সংক্রান্ত তথ্যের অগ্রগতি;** | ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান, ট্রেনিং ম্যানেজমেন্ট সফটওয়্যারের সিস্টেম জনিত সমস্যার সমাধানপূর্বক সকল কোর্স অনলাইন ট্রেনিং ম্যানেজমেন্ট সফটওয়্যার সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। | ১. সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সকল কোর্স অনলাইন ট্রেনিং ম্যানেজমেন্ট সফটওয়্যার সিস্টেমের মাধ্যমে সম্পন্ন করতে হবে। | ১. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি,<br>২. যুগ্মনিবন্ধক (ইপিপি)<br>৩. অরেঞ্জ বিডি |
| | | ইন্ট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের বাস্তবায়ন পর্যায়ে সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রম তদারকি করার জন্য প্রশিক্ষণ সেকশনের জন্য ০১ (এক) জন, লোন এন্ড ক্যাপিটাল ম্যানেজমেন্টের জন্য ০১ (এক) জন, এইচআর সেকশনের জন্য ০১ (এক) জন, নিবন্ধন সেকশনের জন্য ০১ (এক) জন, ই-কমার্স সেকশনের জন্য ০১ (এক) জন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব প্রদান করা এবং ইন্ট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের বাস্তবায়ন পর্যায়ে সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও পরামর্শ প্রদানের লক্ষ্যে অতিরিক্ত নিবন্ধক (ইপিপি) কে সভাপতি, ৫ জন ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সদস্য ও যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) কে সদস্যসচিব করে একটি কমিটি গঠন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২. লোন এন্ড ক্যাপিটাল ম্যানেজমেন্ট, অনলাইন রেজিস্ট্রেশন ম্যানেজমেন্ট, ই-কমার্স, এইচআর ম্যানেজমেন্ট, ট্রেনিং ম্যানেজমেন এর সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কর্তৃক কম্পোনেন্টে অনুযায়ী সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান, ইন্ট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের বাস্তবায়ন পর্যায়ে ফিচার তৈরী করা হয়েছে ৫৭%, পাইলটিং করা হয়েছ ৩৭% এবং সারা দেশব্যাপী বাস্তবায়ন করা হয়েছে ১৭%। সার্বিক অগ্রগতি ৫৭% এর মতো। লাইভে থাকা সকল কম্পোনেন্টের ড্যাশবোর্ডে প্রয়োজনীয় তথ্য প্রদর্শন নিশ্চিত করতে হবে। ডি-নথির আইডি পাসওয়ার্ড দিয়ে সফটওয়্যারে লগইন করা যাবে। পৃথক আইডি পাসওয়ার্ডের প্রয়োজন নেই। | ৩. ইন্ট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের বাস্তবায়ন পর্যায়ে সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও পরামর্শ প্রদানের লক্ষ্যে অতিরিক্ত নিবন্ধক (ইপিপি) কে সভাপতি, ৫ জন কর্মকর্তাকে সদস্য ও যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) কে সদস্যসচিব করে একটি কমিটি গঠন করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর |
| | | অরেঞ্জ বিডির প্রতিনিধি জানান, সেন্ট্রাল ড্যাশবোর্ডসহ কম্পোনেন্ট ভিত্তিক ড্যাশবোর্ড প্রস্তুত করতে সহযোগিতা পেলে সর্বোচ্চ ৭ দিন লাগতে পারে। এ পর্যায়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, যেকোন সহযোগিতা প্রদানে তিনি প্রস্তুত রয়েছেন। তবে ট্রেনিং ম্যানেজমেন্টের ড্যাশবোর্ড এমনভাবে প্রস্তুত করবে হবে যেন, কোন প্রশিক্ষণ কেন্দ্রে কি প্রশিক্ষণ কোর্স চলছে বা ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোথায় অনুষ্ঠিত হচ্ছে এ সম্পর্কিত সকল তথ্য তৎক্ষণাৎ জানা যায়। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৪. ইন্ট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের সমবায় অংশের বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) সমবায় অধিদপ্তর |
| | | | ৫. লাইভে থাকা সকল কম্পোনেন্টের ড্যাশবোর্ডে প্রয়োজনীয় তথ্য প্রদর্শন নিশ্চিত করতে হবে এবং সেন্ট্রাল ড্যাশবোর্ডসহ কম্পোনেন্ট ভিত্তিক ড্যাশবোর্ড প্রস্তুত করে আগামী সভায় তা উপস্থাপন করতে হবে। | ১. ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>২. ইরা ইনফোটেক লিঃ<br>৩. অরেঞ্জ বিডি |
| | | ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্মের সকল কম্পোনেন্ট যথাযথভাবে ব্যবহারে দক্ষতা অর্জনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিগণের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা এবং সমবায় অধিদপ্তরের ১ম শ্রেণীর কর্মকর্তাগণের জন্য প্রধান কার্যালয়ে সকল কম্পোনেন্টের উপর একটি ওরিয়েন্টেশন আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৬. ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্মের সকল কম্পোনেন্ট যথাযথভাবে ব্যবহারে দক্ষতা অর্জনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিগণের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর |
| ০৩. | **বিগত মাসের অডিট সম্পাদন ও অডিটে প্রাপ্ত ত্রুটি/পর্যবেক্ষণ/ পর্যালোচনা সংক্রান্ত;** | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর সভায় জানান যে, সমবায় অধিদপ্তরের সমিতি ব্যবস্থাপনা অধিশাখাধীন ৫টি শাখা রয়েছে। যেহেতু ৫টি শাখা মূলত জাতীয় এবং দেশব্যাপী কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতিগুলো দেখভাল করে থাকেন, সেহেতু উক্ত সমিতিগুলো সংশ্লিষ্ট শাখা পর্যালোচনা করলে ভাল হয়। মাঠ পর্যায়ের সমিতিগুলোও গতানুগতিকভাবে পর্যালোচনা হয়ে থাকে বিধায় আশানুরূপ ফলাফল পাওয়া যাচ্ছে না। মাঠ পর্যায়ে সমবায় বিভাগীয় ও পউবোভুক্ত প্রায় ১,২০,০০০টি সমবায় সমিতির অকার্যকর রয়েছে। এসব বিষয়ে একটি ওয়ার্কশপের আয়োজন করা হবে। যাতে করে সঠিকভাবে সমবায় সমিতির নিরীক্ষা নোট পর্যালোচনা করা হয়। সমবায় অধিদপ্তর হতে বরাদ্দকৃত ৬২টি জাতীয় এবং দেশব্যাপী কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির নিরীক্ষা নির্ধারিত সময়ে মধ্যে সম্পাদন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. জাতীয় এবং দেশব্যাপী কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতিগুলোর নিরীক্ষা নির্ধারিত সময়ে মধ্যে সম্পাদন ও নিরীক্ষা নোট দাখিলের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর সভায় জানান দি ঢাকা মার্কেন্টাইল কো-অপারেটিভ ব্যাংক লি: এর নিরীক্ষা বিগত দিনে সমবায় অধিদপ্তর হতে বরাদ্দ প্রদান করা হতো। বর্তমানে ২/৩ বছর যাবৎ ঢাকা জেলা সমবায় অফিসার কর্তৃক নিরীক্ষা বরাদ্দ প্রদান করা হয়। এই সমিতি ব্যাংক নাম ব্যবহার করে দেশব্যাপী কার্যক্রম পরিচালনা করছে। এ বিষয়ে বারবার পত্র দেয়া হলেও কোন সাড়া পাওয়া যাচ্ছে না। ভবিষ্যতে কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে অডিট ও আইন শাখা দায়ী থাকবেনা। যুগ্মনিবন্ধক (ব্যাংক, বীমা ও কৃষি ঋণ), সমবায় অধিদপ্তর সভায় জানান দি ঢাকা মার্কেন্টাইল কো-অপারেটিভ ব্যাংক লি: বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি সভার আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। জাতীয় সমবায় দিবসের জন্য সভার আয়োজন করা সম্ভর হয়নি। আগামীতে আয়োজন করা হবে। | ২. দি ঢাকা মার্কেন্টাইল কো-অপারেটিভ ব্যাংক লি: এর সার্বিক কার্যক্রম বিষয়ে এর ব্যবস্থাপনা কমিটি, এ দপ্তরের সংশ্লিষ্ট শাখা ও জেলা সমবায় কর্মকর্তা, ঢাকার সমন্বয়ে সভার আয়োজন করতে হবে। | যুগ্মনিবন্ধক (ব্যাংক, বীমা ও কৃষি ঋণ) সমবায় অধিদপ্তর |
| | | জাতীয় এবং দেশব্যাপী কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সমিতি ব্যবস্থাপনা অধিশাখা কর্তৃক কার্যকর কৌশল অবলম্বন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩. জাতীয় সমবায় সমিতির এর সদস্য কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতিগুলোকে নিয়ে একটি প্রতিবেদন তৈরী করতে হবে। | অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) সমবায় অধিদপ্তর ও যুগ্মনিবন্ধক(সকল) সমিতি ব্যবস্থাপনা |
| | | অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি ধার্য ও অডিট ফি আদায় বাড়ানোর বিষয়ে এবং জাতীয় সমবায় সমিতি, দেশব্যাপী বা একাধিক বিভাগব্যাপী কর্মএলাকা বিশিষ্ট কেন্দ্রীয় সমবায় সমিতি ও প্রাথমিক সমবায় সমিতির অডিট ফি (বকেয়াসহ) আদায়ের জন্য সমিতিগুলোর সাথে যোগাযোগ করার বিষয়ে আলোচনা করা হয়। | ৪. অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি ধার্য ও আদায়ের সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে এবং বকেয়া অডিট ফি আদায়ের জন্য মাঠ পর্যায়ে পত্র দিতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর |
| | | | ৫. জাতীয় সমবায় সমিতি, দেশব্যাপী বা একাধিক বিভাগব্যাপী কর্মএলাকা বিশিষ্ট কেন্দ্রীয় সমবায় সমিতি ও প্রাথমিক সমবায় সমিতির অডিট ফি (বকেয়াসহ) আদায়ের জন্য সমিতিগুলোর সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর |
| ০৪. | **সমবায় উন্নয়ন তহবিলের চাঁদা আদায় সংক্রান্ত;** | যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর নিরীক্ষা সম্পাদনের সাথে সাথে নিরীক্ষা ফি আদায় করা হয়ে থাকে। সেই সাথে সমবায় উন্নয়ন তহবিল আদায় করা গেলে সমবায় উন্নয়ন তহবিল আদায় হালনাগাদ হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | ১. নিরীক্ষা সম্পাদনের সাথে সাথে সমবায় উন্নয়ন তহবিল আদায় বিষয়ে মাঠ পর্যায়ে পত্র দিতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর |
| | | অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় উন্নয়ন তহবিল নির্ধারণ এবং ধার্যকৃত সমবায় উন্নয়ন তহবিল আদায় ১০০% নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অডিট নোট পর্যালোচনাপূর্বক সমবায় উন্নয়ন তহবিল ধার্যের সঠিকতা যাচাই ইপিপি শাখা কর্তৃক পর্যবেক্ষণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২. সমবায় উন্নয়ন তহবিল আদায়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | জাতীয় সমবায় সমিতি, কেন্দ্রীয় সমবায় সমিতি (দেশব্যাপী বা একাধিক বিভাগব্যাপী) ও প্রাথমিক সমবায় সমিতি (দেশব্যাপী বা একাধিক বিভাগব্যাপী) এর সিডিএফ (বকেয়াসহ) আদায়ের জন্য সমিতিগুলোর সাথে যোগাযোগ রক্ষা করে সমবায় উন্নয়ন তহবিল (বকেয়াসহ) আদায়ের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩. জাতীয় সমবায় সমিতি, দেশব্যাপী বা একাধিক বিভাগব্যাপী কর্মএলাকা বিশিষ্ট কেন্দ্রীয় সমবায় সমিতি ও প্রাথমিক সমবায় সমিতির সমবায় উন্নয়ন তহবিল (বকেয়াসহ) আদায়ের জন্য সমিতিগুলোর সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর |
| ০৫. | **ঘূর্ণায়মান আবর্তক তহবিল ও সমাপ্ত প্রকল্পের অডিট সংক্রান্ত;** | ইতোমধ্যে আগষ্ট/২৪ খ্রি. মাসের মাসিক রিটার্ন প্রাপ্তি সাপেক্ষে সকল বিভাগে ঘূর্ণায়মান আবর্তক তহবিলের ঋণ আদায়ের হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ দপ্তরের স্মারক নং ৮৬ তারিখ: ০৭/১০/২৪ খ্রি. মূলে পত্র প্রেরণ করা হয়েছে। | ১. সমাপ্ত প্রকল্পসমূহের ঘূর্ণায়মান আবর্তক তহবিলের ঋণ টার্গেট অনুযায়ী আদায় নিশ্চিত করাসহ সার্বিক কার্যক্রমের বিষয়টি মনিটর করতে হবে। | উপনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) সমবায় অধিদপ্তর |
| | | সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ০৭টি সমাপ্ত প্রকল্পের আবর্তক ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে প্রকল্পভিত্তিক প্রতিটি উপজেলার সমিতিওয়ারি আবর্তক ঋণ কার্যক্রমের অডিট (২০২২-২০২৩) অর্থবছর সম্পাদন নিশ্চিতকরণ এবং সম্পাদিত অডিট প্রতিবেদন পর্যালোচনা করত: প্রাপ্ত ত্রুটি-বিচ্যুতির বিষয়ে তাঁর কর্তৃক গৃহীত ব্যবস্থা এ দপ্তরকে অবহিত করার জন্য সকল বিভাগে স্মারক নং ৮৬ তারিখ: ০৭/১০/২৪ খ্রি. মূলে পত্র প্রেরণ করা হয়েছে। | ২. সকল সমাপ্ত প্রকল্পের রিটার্ন অনলাইনে দাখিলের জন্য সকলকে নির্দেশনা প্রদান করতে হবে। | উপনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) সমবায় অধিদপ্তর |
| | | সমাপ্ত প্রকল্পের ঘূর্ণায়মান আবর্তক তহবিল সংক্রান্ত বিষয়ে পৃথক সভার আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩. সমাপ্ত প্রকল্পের ঘূর্ণায়মান আবর্তক তহবিল সংক্রান্ত বিষয়ে পৃথক সভার আয়োজন করতে হবে। | উপনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) সমবায় অধিদপ্তর |
| ০৬. | **আশ্রয়ণ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত/নতুন আশ্রয়ন-২ প্রকল্পের সমবায় সমিতি সংক্রান্ত তথ্য;** | আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় অগ্রগতি প্রতি মাসে সমন্বয় সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. আশ্রয়ণ/আশ্রয়ণ (ফেইজ-২)/আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত তথ্য সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) সমবায় অধিদপ্তর |
| | | আশ্রয়ণ/আশ্রয়ণ (ফেইজ-২)/আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত তথ্যের ছক এমনভাবে প্রস্তুত করতে হবে। যাতে করে আদায়যোগ্য ঋণের পরিমান, ঋণ আদায়ের পরিমান ও ঋণ আদায়ের হার ইত্যাদি উল্লেখ থাকে। আদায় হার বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২. আশ্রয়ণ/আশ্রয়ণ (ফেইজ-২)/ আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত তথ্যের নতুন ছক প্রস্তুত করতে হবে। যাতে করে আদায়যোগ্য ঋণের পরিমান, ঋণ আদায়ের পরিমান ও ঋণ আদায়ের হার উল্লেখ থাকে। | যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) সমবায় অধিদপ্তর |
| ০৭. | **বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা ও মামলার ডাটাবেইজ সংক্রান্ত;** | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর সভায় জানান, সমবায় অধিদপ্তরের প্যানেল আইনজীবীদের সাথে মামলা সংক্রান্ত বিষয়ে ইতোমধ্যে সভা অনুষ্ঠিত হয়েছে। সেই সভার নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সমবায় অধিদপ্তরের সকল মামলার শুনানীতে প্যানেল আইনজীবীদের উপস্থিতি নিশ্চিত করাসহ সমবায় অধিদপ্তরের একজন প্রতিনিধি কোর্টে উপস্থিত থেকে মামলার অগ্রগতি মনিটর করার বিষয়ে আলোচনা করা হয়। | ১. সমবায় অধিদপ্তরের সকল মামলার শুনানীতে প্যানেল আইনজীবীদের উপস্থিতি নিশ্চিত করাসহ সমবায় অধিদপ্তরের একজন প্রতিনিধির মাধ্যমে মামলার অগ্রগতির বিষয় মনিটর করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর সভায় জানান সমবায় অধিদপ্তরের আইন কর্মকর্তার ০১টি পদ রয়েছে। এ পদে নিয়োগ বা আউট সোর্সিংয়ের মাধ্যমে কাউকে পদায়ন করা যায় কিনা এ বিষয়টি দেখা যেতে পারে। | ২. পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর |
| | | | ৩. আইন কর্মকর্তার পদটি নিয়োগের মাধ্যমে পূরণ করা বা আউট সোর্সিংয়ের মাধ্যমে কাউকে পদায়ন করা যায় কিনা; এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর |
| ০৮. | এপিএ/ জিআরএস/এনআইএস/সিটিজেন চার্টার সংক্রান্ত বিষয়াদি; | এপিএ/জিআরএস/এনআইএস সংক্রান্ত বিষয়গুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন এবং সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এপিএর মাস ভিত্তিক কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | ১. এপিএ/জিআরএস/এনআইএস সংক্রান্ত বিষয়গুলো নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | ১. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি, সমবায় অধিদপ্তর |
| | | | ২. সংশ্লিষ্ট প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি, সমবায় অধিদপ্তর |
| ০৯. | রাজস্ব অডিট আপত্তি সংক্রান্ত; | সদর কার্যালয়ের ৪০টি, মাঠ পর্যায়ের ২৮৫টি, প্রকল্প দপ্তরসমূহের ০২টি সর্বমোট ৩২৭টি রাজস্ব অডিট আপত্তি এবং ০১টি সিভিল অডিট আপত্তিসহ মোট ৩২৮টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে।<br><br>বর্তমানে সমবায় অধিদপ্তর, সদর কার্যালয় ও এর আওতাধীন দপ্তর সমূহের মোট অনিষ্পন্ন রাজস্ব অডিট আপত্তির সংখ্যা ৩২৫টি, প্রকল্প দপ্তরসমূহের ০২টি এবং ০১টি সিভিল অডিট আপত্তিসহ সর্বমোট ৩২৮টি অডিট আপত্তি রয়েছে। | ১. প্রতি সমন্বয় সভায় অডিট আপত্তি সংক্রান্ত তথ্য উপস্থাপন করতে হবে। | উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | সমবায় অধিদপ্তর সদর কার্যালয়ের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৪০টি (যার মধ্যে ২০২০-২৩ অর্থবছরের হিসাবের উপর কমপ্লায়েন্স অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) অনুযায়ী সমবায় অধিদপ্তর সদর কার্যালয়ের পরিপূর্ণ অডিট আপত্তি ০৪টি এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহের সাথে সম্পৃক্ত আংশিক আপত্তির সংখ্যা ০৩ টিসহ সর্বমোট ০৭ টি)। মাঠপর্যায়ের ২৮৫টি (যার মধ্যে ২০২০-২৩ অর্থবছরের হিসাবের উপর কমপ্লায়েন্স অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) অনুযায়ী সমবায় অধিদপ্তর এর আওতাধীন মাঠপর্যায়ের অডিট আপত্তির সংখ্যা ০৫টি), ২০২০-২৩ অর্থবছরের হিসাবের উপর কমপ্লায়েন্স অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) অনুযায়ী প্রকল্প দপ্তরসমূহের অডিট আপত্তির সংখ্যা ০২টি সর্বমোট ৩২৭টি রাজস্ব অডিট আপত্তি এবং সিভিল অডিট আপত্তি ০১টি। উক্ত ৩২৭টি রাজস্ব অডিট আপত্তির মধ্যে অগ্রিম অনুচ্ছেদ (SFI) এর সংখ্যা ৯৩টি এবং সাধারণ অনুচ্ছেদ (Non SFI) এর সংখ্যা ২৩৪টি। ২০২০-২৩ | ২. অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় সভার আয়োজন করতে হবে। | উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | অর্থবছরের হিসাবের উপর কমপ্লায়েন্স অডিট ইন্সপেকশন রিপোর্ট (AIR) অনুযায়ী অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত সমবায় অধিদপ্তর সদর কার্যালয়, আওতাধীন দপ্তর সমূহ এবং প্রকল্প দপ্তর সমূহের সর্বমোট ১৪টি অডিট আপত্তির ব্রডশীট জবাব এদপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৯.০০১.০১.২৪-৯৬ ও ৯৭, তারিখ-২২/০৮/২০২৪খ্রি মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | ৩. অডিট আপত্তি হ্রাস করার জন্য এবং ভবিষ্যতে যাতে অডিট আপত্তি বৃদ্ধি না পায়, সে জন্য যথাযথ আর্থিক বিধিবিধান অনুসরণ করতে হবে। | উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| ১০. | ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সংক্রান্ত; | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ. মওবি), সমবায় অধিদপ্তর সভায় জানান, নওগাঁ জেলার নওগাঁ সদর উপজেলাধীন পালিয়ে যাওয়া জগৎসিংহপুর সূর্যমুখী উন্নয়ন বহুমুখী সমবায় সমিতিসহ ০৩টি ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির বিষয়ে যাচাইপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য যুগ্মনিবন্ধক, রাজশাহীকে পত্র প্রেরণ করা হয়েছে। সেই প্রেক্ষিতে এ দপ্তরকে জানানো হয় ১টি সমবায় সমিতির ৮৩ ধারায় তদন্ত করার মাধ্যমে দায় দেনা নির্ধারণ করা হয়েছে এবং সমবায় সমিতির অর্থ আত্মসাতের সাথে জড়িতদের সমবায় সমিতির অর্থ ফেরত প্রদান করার জন্য পত্র দেয়া হয়েছে।<br><br>৮ বিভাগীয় সমবায় কার্যালয় হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বর্তমানে ১,২৪১টি ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তথ্য পাওয়া গিয়েছে। ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির সংখ্যা সঠিকভাবে নিরুপন করার বিষয়ে আলোচনা করা হয়। প্রতি মাসে ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি চিহ্নিতকরণ, মনিটরিং ও ঝুঁকি হ্রাসের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। এ সংক্রান্ত নতুন ছক প্রস্তুত করা যেতে পারে যাতে করে বিভাগওয়ারী প্রতি মাসে ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি চিহ্নিতকরণ, মনিটরিং ও ঝুঁকি হ্রাসের বিষয়টি খুব সহজে মনিটরিং করা যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি মনিটরিং, ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি চিহ্নিতকরণ এবং ঝুঁকি হ্রাসের বিষয়টি মনিটরিং করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি), সমবায় অধিদপ্তর |
| | | | ২. ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সংক্রান্ত নতুন ছক প্রস্তুত করে মাঠ পর্যায় প্রেরণ করতে হবে। যাতে করে, ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সম্পর্কিত সকল তথ্য চিহ্নিত করা যায়। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি), সমবায় অধিদপ্তর |
| | | | ৩. প্রতি মাসে ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তথ্য মাঠ পর্যায় হতে সংগ্রহ করতে হবে এবং প্রাপ্ত তথ্য পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি), সমবায় অধিদপ্তর |
| | | | ৪. ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির হালনাগাদ তথ্য প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি), সমবায় অধিদপ্তর |
| ১১. | বিভিন্ন শাখার অনিষ্পন্ন বিষয়াদি; | সমবায় অধিদপ্তরের নিকট চাহিত তথ্য/প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ বিষয়ে এবং নির্ধারিত ছক অনুযায়ী বিভিন্ন শাখার অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রতি মাসিক সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. বিভিন্ন শাখার অনিষ্পন্ন বিষয়াদির তালিকা সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| | | | ২. অনিষ্পন্ন বিষয়াদিগুলো যথাসময়ে নিষ্পত্তি করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ১২. | সমবায় সমিতির নিবন্ধন সংক্রান্ত; | ২০২৪-২০২৫ অর্থবছরে সেপ্টেম্বর/২৪ পর্যন্ত সমবায় বিভাগীয় ২৭৬ টি ও পউবো ৭০টি মোট ৩৪৬টি সমবায় সমিতি নিবন্ধন হয়েছে এবং সমবায় বিভাগীয় ১৩৬৭টি ও পউবো ৩২টি মোট ১৩৯৯টি সমবায় সমিতি নিবন্ধন বাতিল হয়েছে। সমবায় বিভাগীয় ৩০,১৮৭টি সমবায় সমিতি অকার্যকর রয়েছে এবং বিআরডিবির ৭১,১২৯টি সমবায় সমিতির মধ্যে প্রায় সবগুলোই অকার্যকর। মাঠ পর্যায়ে অকার্যকর সমবায় সমিতি বিষয়ে আইনানুগ ব্যবস্থা নেয়ার জন্য সভায় আলোচনা করা হয়। | ১. সমবায় সমিতি নিবন্ধন ও বাতিল সংক্রান্ত তথ্য হালনাগাদ রাখতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর |
| | | | ২. অকার্যকর সমবায় সমিতির তথ্য সংগ্রহ করতে হবে এবং অকার্যকর সমবায় সমিতি বাতিল/কার্যকর করার বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৩. | **সমবায় সমিতির নির্বাচন/বার্ষিক সাধারণ সভা সংক্রান্ত;** | জাতীয় এবং দেশব্যাপী কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে, অন্তর্বর্তী কমিটি গঠন করে নির্বাচনের উদ্যোগ গ্রহণ করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | ১. যে সকল জাতীয় এবং দেশব্যাপী কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান নেই, সে সকল সমিতিতে অন্তর্বর্তী কমিটি নিয়োগ প্রদান করে নির্বাচনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট যুগ্মনিবন্ধক(সকল) সমবায় অধিদপ্তর |
| ১৪. | **মানব সম্পদ উন্নয়ন সংক্রান্ত;** | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সভায় জানান, কর্মকর্তা/কর্মচারীদের মৌলিক প্রশিক্ষণ হওয়ার পর অনেক সময় আর কোন প্রশিক্ষণ গ্রহণের সুযোগ থাকে না। এক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন ধরণের প্রশিক্ষণ প্রদান করা এবং রিসোর্স পুল তৈরী করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. কর্মকর্তাদের প্রশিক্ষণ সংক্রান্ত বার্ষিক ক্যালেন্ডার প্রস্তুত করতে হবে।<br>২. কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত ইন সার্ভিস প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. সরকারের বিভিন্ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে চাহিদা ভিত্তিক কর্মকর্তা প্রেরণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর |
| ১৫. | **সদর কার্যালয়ের কর্মকর্তাদের মাঠ পর্যায়ের এবং সংশ্লিষ্ট অফিস পরিদর্শন সংক্রান্ত;** | সমবায় অধিদপ্তরের অতিরিক্ত নিবন্ধকগণ বিভিন্ন বিভাগীয় সমবায় কার্যালয়সমূহ পরিদর্শন এবং সমবায় অধিদপ্তরের শাখাসমূহ সংশ্লিষ্ট শাখার যুগ্মনিবন্ধক পরিদর্শন করার বিষয়ে এবং প্রয়োজনে নতুন ছক প্রস্তুত করে নির্দেশনা প্রদান করা যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। | ১. সংশ্লিষ্ট শাখার যুগ্মনিবন্ধক কর্তৃক স্ব-স্ব শাখার কার্যক্রম পরিদর্শন করতে হবে। | যুগ্মনিবন্ধক (সকল) সমবায় অধিদপ্তর |
| | | | ২. অতিরিক্ত নিবন্ধকগণকে বিভাগীয় সমবায় কার্যালয়সমূহ পরিদর্শন করার জন্য অফিস আদেশ জারি করতে হবে। | অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর |
| ১৬. | **বিবিধ।** | সমবায় অধিদপ্তরের শাখার কার্যক্রম বিষয়ে জারিকৃত ২০০৭ সালের কর্মবন্টন হালনাগাদ না করায়, নতুন কোনো কাজ আসলে কোন শাখা করবে এ নিয়ে জটিলতা তৈরী হয়। বিদ্যমান কর্মবন্টন হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. বিদ্যমান কর্মবন্টন হালনাগাদ করার জন্য সুনির্দিষ্টভাবে প্রস্তাব উল্লেখপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সভাপতি/সদস্য সচিব (এ সংক্রান্ত গঠিত কমিটি) সমবায় অধিদপ্তর |
| | | স্ব-স্ব শাখা সংশ্লিষ্ট কোন বিষয়ে সমস্যা থাকলে তার সম্ভাব্য সমাধান কি হতে পারে এ বিষয়গুলো উল্লেখপূর্বক নথি উপস্থাপন করে সমাধান করা যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। | ২. স্ব-স্ব শাখা সংশ্লিষ্ট কোন বিষয়ে সমস্যা থাকলে তার সম্ভাব্য সমাধান কি হতে পারে এ বিষয়গুলো উল্লেখপূর্বক নথি উপস্থাপন করে সমাধানের চেষ্টা করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

পরিশেষে সভাপতি সমবায় অধিদপ্তরের সকল কাজের গতিশীলতা আনয়নে জনগণের প্রত্যাশিত সেবা যথাসময়ে প্রদান নিশ্চিতকরণ এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১১/২৪

মো: শরিফুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০২.২৪.২৮৯(৫০) স/মু; তারিখ: ২৮/১১/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) / (সমিতি ব্যবস্থাপনা) / (অডিট ও আইন) / (ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৩। যুগ্মনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৪। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম। তাঁকে প্রজেক্ট ম্যানেজার/ডেপুটি প্রজেক্ট ম্যানেজার, ইরা ইনফোটিক লি: ও অরেঞ্জ বিডি কে সভার কার্যবিবরণীটি বিষয়ে অবহিত করার অনুরোধসহ।

০৬। যুগ্মনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ।

০৭। উপনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৮। সহকারী নিবন্ধক/পরিসংখ্যানবিদ/গবেষণা কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।

০৯। প্রজেক্ট ম্যানেজার/ডেপুটি প্রজেক্ট ম্যানেজার, ইরা ইনফোটিক লি: ও অরেঞ্জ বিডি এবং

১০। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

28/11/24

(তানিয়া আক্তার)
উপনিবন্ধক
সমবায় অধিদপ্তর, ঢাকা।